

“ছেলে হোক, মেয়ে হোক  
দু’টি সন্তানই যথেষ্ট”

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
উপজেলা পরিবার পরিকল্পনা অফিস  
মির্জাগঞ্জ, পটুয়াখালী।



www.fpo.mirzaganj.patuakhali.gov.bd

স্মারক নম্বর-উপপ/মির্জা/২০২৩-

তারিখ : ১৩/০২/২০২৩ খ্রিষ্টাব্দ

বিষয় : **কারণ ব্যাখ্যা প্রসঙ্গে।**

বর্ণিত বিষয়ে আপনার অবগতির জন্য জানানো যাচ্ছে যে, আপনি দেউলী ১০ শয্যা বিশিষ্ট মা ও শিশু কল্যাণ কেন্দ্রে পরিবার কল্যাণ পরিদর্শিকা পদে কর্মরত আছেন। মজিদবাড়িয়া ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্র, মির্জাগঞ্জ, পটুয়াখালীতে পরিবার কল্যাণ পরিদর্শিকা এবং উপসহকারী কমিউনিটি মেডিকেল অফিসার কর্মরত না থাকায় অত্র কার্যালয়ের স্মারক নং-উপপ/মির্জা/২০২২-৪২, তারিখ : ২৩/০২/২২খ্রিঃ মোতাবেক আপনাকে সপ্তাহে ০২ (দুই) দিন (শনিবার ও বুধবার) অতিরিক্ত দায়িত্ব পালন করার নির্দেশনা প্রদান করা হয়।

নিম্নস্বাক্ষরকারী বিভিন্ন মাধ্যমে এই মর্মে অবগত হয়েছেন যে, আপনি অতিরিক্ত দায়িত্বপালনকৃত কর্মস্থলে সপ্তাহে ০২(দুই) দিন যাওয়ার কথা থাকলেও সপ্তাহে ০১ (এক) দিন যান এবং সরবরাহকৃত ঔষধপত্র সঠিকভাবে বিতরণ করেন না। অত্র কার্যালয়ের সহকারী উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা ১২/০২/২০২৩ খ্রিষ্টাব্দ তারিখ মজিদবাড়িয়া ইউনিয়নের হাওলাদার বাড়ীতে অনুষ্ঠিত উঠান বৈঠকে অংশগ্রহণ করেন। উঠান বৈঠকে অন্যান্য অংশগ্রহণকারীবৃন্দ সহকারী পরিবার পরিকল্পনা কর্মকর্তাকে এই মর্মে অবহিত করেন যে, আপনি আর্থিক লেনদেন ছাড়া চিকিৎসা সেবা ও ঔষধপত্র বিতরণ করেন না। আপনার সার্বিক আচার আচরণে সেবা গ্রহীতাদের মধ্যে চরম অসন্তোষ বিরাজ করছে। তাছাড়া আর্থিক লেনদেন ছাড়া আগত সেবা প্রত্যাশীদের সামান্য রক্তচাপ মাপাও আপনি সম্পন্ন করেন না। আপনার আর্থিক লেনদেনের বিষয়াবলী উক্ত এলাকার সেবা প্রত্যাশীগণ মোবাইল ফোনের মাধ্যমেও নিম্নস্বাক্ষরকারীকে ইতিপূর্বে অবহিত করেছেন।

বর্ণিত বিষয়াবলীতে আপনি দায়িত্ব কর্তব্য পালনে চরম অবহেলা ও শৈথিল্য প্রদর্শন পূর্বক এলাকার প্রান্তিক সেবা প্রত্যাশী জনগন ও জনপ্রতিনিধিদের নিকট পরিবার পরিকল্পনা বিভাগকে হয়ে প্রতিপন্ন এবং আপনার প্রয়োজনীয়তা প্রমাণ করতে সম্পূর্ণ ব্যর্থ হয়েছেন মর্মে নিম্নস্বাক্ষরকারীর কাছে প্রতীয়মান হয়েছে।

এমতাবস্থায়, আপনার বিভাগীয় দায়িত্ব কর্তব্য পালনে চরম অবহেলা, শৈথিল্য, অবৈধ আর্থিক লেনদেন এবং উপরোক্ত নেতিবাচক কর্মকান্ডের কারণে কেন আপনার বিরুদ্ধে সরকারী কর্মচারী শৃঙ্খলা ও আপীল বিধিমালা-২০১৮ মোতাবেক বিভাগীয় শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণের জন্য উর্দ্ধতন কর্তৃপক্ষ সমীপে সুপারিশ করা হবে না তার সন্তোষজনক জবাব অত্র পত্র প্রাপ্তির ০৫(পাঁচ) কর্মদিবসের মধ্যে নিম্নস্বাক্ষরকারী বরাবরে দাখিল করার জন্য নির্দেশ প্রদান করা হল।

জনাব শিরিন আক্তার  
পরিবার কল্যাণ পরিদর্শিকা  
দেউলী মা ও শিশু কল্যাণ কেন্দ্র ও  
মজিদবাড়িয়া ইউঃ স্বঃ ও পঃকঃ কেন্দ্র (অঃ দাঃ)  
মির্জাগঞ্জ, পটুয়াখালী।

১৯  
(মোঃ শফিকুল ইসলাম)  
উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা ও  
মেডিকেল অফিসার (এমসিএইচ-এফপি) (অঃ দাঃ)  
মির্জাগঞ্জ, পটুয়াখালী।

স্মারক নম্বর-উপপ/মির্জা/২০২৩- ১৩/০(২)

তারিখ : ১৩/০২/২০২৩ খ্রিষ্টাব্দ

**অনুলিপি সদয় অবগতি / অবগতির জন্য (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :**

- ০১। পরিচালক, পরিবার পরিকল্পনা, বরিশাল বিভাগ, বরিশাল।
- ০২। উপপরিচালক, পরিবার পরিকল্পনা, পটুয়াখালী।
- ০৩। সহকারী পরিচালক, পরিবার পরিকল্পনা, পটুয়াখালী।
- ০৪। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, মির্জাগঞ্জ, পটুয়াখালী।
- ০৫। উপজেলা নির্বাহী অফিসার, মির্জাগঞ্জ, পটুয়াখালী।
- ০৬। চেয়ারম্যান, মজিদবাড়িয়া ইউনিয়ন পরিষদ, মির্জাগঞ্জ, পটুয়াখালী।
- ০৭। সহকারী উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা / সহকারী পরিবার কল্যাণ কর্মকর্তা (এমসিএইচ-এফপি), মির্জাগঞ্জ, পটুয়াখালী।
- ০৮। পরিবার পরিকল্পনা পরিদর্শক, মজিদবাড়িয়া ইউনিয়ন, মির্জাগঞ্জ, পটুয়াখালী।

(মোঃ শফিকুল ইসলাম)

উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা ও  
মেডিকেল অফিসার (এমসিএইচ-এফপি) (অঃ দাঃ)

মির্জাগঞ্জ, পটুয়াখালী।

ফোন : ০৪৪২৬-৭৫২৪২

E-mail : ufpomirzaganj@dgfp.gov.bd